



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর- ৩১

পররাষ্ট্র প্রতিমন্ত্রী আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী; ২ ভাদ্র (১৭ আগস্ট):

পররাষ্ট্র প্রতিমন্ত্রী মোঃ শাহরিয়ার আলম, এমপি তিন দিনের সরকারি সফরে আগামীকাল বৃহস্পতিবার (১৮ আগস্ট) রাজশাহী আসবেন। বিকাল তিনটায় তিনি সড়কপথে রাজশাহীর বাঘা উপজেলার আড়ানীতে পৌঁছবেন।

বিকাল চারটায় বাসুদেবপুর উচ্চ বিদ্যালয়ের মাঠে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত শোকসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

১৯ আগস্ট শুক্রবার সকাল নয়টায় ক্ষ্যাপা বাবার আশ্রমে এবং সাড়ে দশটায় নারায়ণপুর দুর্গামন্দিরে 'শুভ জন্মাষ্টমী'র আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন। পরে বেলা সাড়ে এগারোটায় চারঘাট কেন্দ্রীয় কালী মন্দিরে 'শুভ জন্মাষ্টমী'র অপর একটি আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে যোগদান করবেন।

বিকাল চারটায় চক রাজাপুর উচ্চ বিদ্যালয় মাঠে জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

২০ আগস্ট শনিবার সকাল সাড়ে দশটায় রুস্তমপুর উচ্চ বিদ্যালয়ে চারতলা একাডেমিক ভবন উদ্বোধন শেষে জাতীয় শোক দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বেলা সাড়ে এগারোটায় কালুহাটা উচ্চ বিদ্যালয়ে চারতলা একাডেমিক ভবন উদ্বোধন শেষে জাতীয় শোক দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

বিকাল চারটায় সরেরহাট আব্দুল গণি কলেজের একাডেমিক ভবন উদ্বোধন শেষে জাতীয় শোক দিবসের আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিকাল ছয়টায় সরেরহাটে নবনির্মিত 'গড়গড়ি শেখ রাসেল শিশু পার্ক' উদ্বোধন করবেন।

এদিন বিকাল সাড়ে ছয়টায় প্রতিমন্ত্রী সড়কপথে ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ছেড়ে যাবেন।##

.....
তৌহিদ/আতিক/সিকান্দার/রুহুল/২০২২/১৭:১০ ঘ.